শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৬.১৯-০৮

তারিখঃ ১৭ পৌষ ১৪২৬ ব.
০১ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ১০৩৫৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৩৫৭/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৩৫৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১০৩৫৭/২০১৯ | জনাব মো: জাহেদুল ইসলাম বসুনিয়া, প্রভাষক (ব্যাংকিং), রাজারহাট কারিগরি বণিজ্যিক কলেজ, উপজেলা- রাজারহাট, জেলা- কুড়িগ্রাম। | সচিব, টিএমইডি, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জন। | কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন রাজারহাট কারিগরি বণিজ্যিক কলেজ এর প্রভাষক (ব্যাংকিং) জনাব মো: জাহেদুল ইসলাম-কে এমপিওভুক্ত করার জন্য ডিজি, ডিটিই বরাবর আবেদন করা হয়। পরবর্তীতে দাখিলকৃত কাগজপত্রাদি অসম্পুর্ণ/ত্রুটিপুর্ণ থাকায় এ পর্যায়ে আবেদন বিবেচনা করা গেলনা মর্মে ডিটিই হতে ০৮/০৮/১৮ তারিখে কাশিঅ/এমপিও/সভা(পার্ট-৫)/২০১৭/৩৪ সংখ্যক্ষ স্মারকে (Annexure-E মূলে) অফিস আদেশ জারি করা হয়। উক্ত অফিস আদেশের ক্রমিক নং-১১ তে জনাব মো: জাহেদুল ইসলাম বসুনিয়া এর নাম রয়েছে।<br>ডিটিই'র উক্ত স্মারকের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে জনাব মো: জাহেদুল ইসলাম বসুনিয়া কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১০৩৫৭/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২০/১০/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী সম্পন্ন করে পিটিশনার এর এমপিওভুক্ত করার নিমিত্ত দাখিলকৃত আবেদন বাতিল করে ডিটিই হতে জারীকৃত ০৮/০৮/১৮ তারিখের ৩৪ সংখ্যক স্মারকের (Annexure-E মূলে) কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ১৭/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে ডিটিই হতে মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১০৩৫৭/২০১৯ মামালার ২০/১০/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী মহামান্য হাইকোর্টে সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে মহামান্য হাইকোর্টে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ২০/০১/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য (প্রমাণকসহ) নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০২/০১/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।